

তরুণ মুহাম্মাদ ও 'ফিজার' যুদ্ধ (محمد الناشئ)

(و حرب الفجار)

তিনি যখন পনের কিংবা বিশ বছর বয়সে উপনীত হন, তখন 'ফিজার যুদ্ধ' (حَرْبُ الْفَجَارِ) শুরু হয়। এই যুদ্ধে একপক্ষে ছিল কুরায়েশ ও তাদের মিত্র বনু কিনানাহ এবং অপর পক্ষে ছিল ক্বায়েস আয়লান। যুদ্ধে কুরায়েশ পক্ষের জয় হয়। কিন্তু এ যুদ্ধের ফলে 'হারাম' মাস (যে মাসে যুদ্ধ-বিগ্রহ নিষিদ্ধ) এবং কা'বার পবিত্রতা বিনষ্ট হয় বলে একে 'হারবুল ফিজার' বা দুষ্টদের যুদ্ধ বলা হয়। তরুণ মুহাম্মাদ এই যুদ্ধে অংশগ্রহণ করেন এবং চাচাদের তীর যোগান দেবার কাজে সহায়তা করেন বলে যে বর্ণনা

বিভিন্ন ইতিহাস গ্রন্থে রয়েছে, তা বিশুদ্ধভাবে
প্রমাণিত নয়।[1] বরং এটাই সঠিক যে, আল্লাহপাক
তাঁকে হারাম মাসে যুদ্ধে অংশগ্রহণের পাপ থেকে
রক্ষা করেন। যেমন জন্ম থেকেই আল্লাহ তাঁকে
সকল মন্দকর্ম থেকে রক্ষা করেছেন (সীরাহ
ছহীহাহ ১/১১৪)।

[1]. ইবনু হিশাম ১/১৮৬; আর-রাহীক ৫৯ পৃঃ; সীরাহ ছহীহাহ ১/১১১; মা শা-'আ
১৬ পৃঃ।